দৈনিক
# ইত্তেফাক

তারিখ 07 NOV 2017
পৃষ্ঠা ১৭ কলাম ৫

## তিতাসে জেএসসিতে একজন বহিষ্কার অনুপস্থিত ১১৯ জন

■ তিতাস (কুমিল্লা) সংবাদদাতা

কুমিল্লার তিতাসে জেএসসি পরীক্ষার ইংরেজি প্রথমপত্রে নকল করার দায়ে একজনকে বহিষ্কার করা হয়েছে। গতকাল রবিবার বাতাকান্দি সরকার সাহেব আলী আবুল হোসেন মেমোরিয়াল উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে তাকে বহিষ্কার করা হয়। এদিন উপজেলার চারটি কেন্দ্রে ১১৯ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। কেন্দ্র সূত্রে জানা যায়, জেএসসি পরীক্ষার বাতাকান্দি সরকার সাহেব আলী আবুল হোসেন মেমোরিয়াল উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে ইংরেজি প্রথমপত্রে নকল করার দায়ে এক ছাত্রী শিক্ষার্থীকে বহিষ্কার করেছে নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ আলমগীর হোসেন। সে মাছিমপুর আর আর ইনস্টিটিউশনের শিক্ষার্থী। এদিকে উপজেলার চারটি কেন্দ্রের মধ্যে গাজীপুর খান হাইস্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে ৩৪ জন, বাতাকান্দি সরকার সাহেব আলী আবুল হোসেন মেমোরিয়াল উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ২২ জন, মাছিমপুর আর আর ইনস্টিটিউশন কেন্দ্রে ৩০ জন ও জগৎপুর সাধনা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৩৩ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।